গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২১১

## দুপুর বারোটা পর্যন্ত রাজশাহী বিভাগে ৩৪ শতাংশ ভোট পড়েছে

রাজশাহী; ২৯ মাঘ (১২ ফেব্রুয়ারি):

আজ (১২ ফেব্রুয়ারি) দুপুর বারোটা পর্যন্ত রাজশাহী বিভাগের আট জেলায় গড়ে ৩৪ দশমিক ০৭ শতাংশ ভোট পড়েছে। রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের মিডিয়া সেল থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

বিভাগীয় কমিশনার কার্যালয়ের তথ্য মতে দুপুর বারোটা পর্যন্ত সর্বোচ্চ ভোট পড়েছে জয়পুরহাট জেলায়। এখানে ভোট কাস্টের হার ৪০ দশমিক ১৮ শতাংশ। অন্যদিকে নাটোর জেলায় সর্বনিম্ন ২৮ দশমিক ০৫ শতাংশ ভোট পড়েছে। বিভাগের অন্যান্য জেলার মধ্যে রাজশাহীতে ৩২ দশমিক ৮৯ শতাংশ, চাঁপাইনবাবগঞ্জে ৩৭ দশমিক ০৪ শতাংশ, সিরাজগঞ্জে ৩১ শতাংশ, নওগাঁয় ৩১ দশমিক ৯৩ শতাংশ, বগুড়ায় ৩৮ দশমিক ৫৫ শতাংশ এবং পাবনায় ৩২ দশমিক ৯৩ শতাং ভোট পড়েছে।

..........................................................................

রুহুল/আতিক/আলীম/তৌহিদ/হালিম/২০২৬/১৮:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd